

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্য়াবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচারপত্র নং-২৪/২০২১


তারিখঃ ৩১/০৩/২০২১ইং

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

এসোসিয়েশন কর্তৃক প্রদত্ত সেবাসমূহ প্রদানের বিষয়ে জরুরী দৃষ্টি আকর্ষণ

এসোসিয়েশনের সকল সম্মানিত সদস্য সি এন্ড এফ এজেন্টগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এসোসিয়েশন কর্তৃক প্রদত্ত সেবাসমূহের বিপরীতে আদায়কৃত সার্ভিস চার্জের জন্য যে রশিদ প্রদান করা হয় তার স্বচ্ছতা নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি রশিদের উপর বারকোড এবং অনচেসিস ডেলিভারি প্রদানের ক্ষেত্রে স্ট্যাম্পের উপর বারকোড স্টীকার আগামী ০১.০৪.২০২১ইং তারিখ হতে সংযোজন করা হবে। এছাড়া প্রতিটি প্রতিষ্ঠান দৈনিক এসোসিয়েশনের সেবার বিপরীতে কোন খাতে সার্ভিস চার্জ প্রদান করেছে তা পরবর্তী দিন সকালে উক্ত প্রতিষ্ঠানের এসোসিয়েশনে রেকর্ডভুক্ত মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

অবস্থাদৃষ্টে প্রতীয়মান হয় যে অনেক প্রতিষ্ঠান তাদের মালিক পক্ষের পরিবর্তে কাস্টমস্/জেটি সরকার এর মোবাইল নম্বর এসোসিয়েশনে প্রদান করায় এসোসিয়েশন প্রদত্ত অনেক তথ্য মালিক পক্ষের অজানা হয়ে যায়। এ প্রেক্ষিতে এসএমএস প্রদানের সুবিধার্থে এসোসিয়েশনের সদস্যভুক্ত সকল সি এন্ড এফ প্রতিষ্ঠানের স্বত্তাধিকারী/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপনা পরিচালকের সঠিক মোবাইল নম্বর উল্লেখপূর্বক প্রতিষ্ঠানের লেটারহ্যাডে আবেদন করার জন্য অনুরোধ করা হল।



মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)
সাধারণ সম্পাদক